

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৫৮

১২/ ক্রয়-বিক্রয় ও ব্যবসা-বাণিজ্য (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৩৪. (প্রতিনিধি কর্তৃক দ্রব্য ক্রয়-বিক্রয় করে মূলধন ও মুনাফা মালিককে দিয়ে দেয়া)

باب

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدٍ الدَّارِمِيُّ، حَدَّثَنَا حَبَّانُ، وَهُوَ ابْنُ هِلَالٍ أَبُو حَبِيبٍ البَصْرِيُّ حَدَّثَنَا هَارُونَ الأَعْوَرُ الْمُقْرِي، وَهُوَ ابْنُ مُوسَى الْقَارِي حَدَّثَنَا الزُّبَيْرُ بْنُ الخَرِيتِ، عَنْ أَبِي لَبِيدٍ، عَنْ عُرْوَةَ البَارِقِيِّ، قَالَ دَفَعَ إِلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دِينَارًا لِأَشْتَرِي لَهُ شَاةً فَاشْتَرَيْتُ لَهُ شَاتَيْنِ فَبِعْتُ إِحْدَاهُمَا بِدِينَارٍ وَجِئْتُ بِالشَّاةِ وَالدِّينَارِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . فَذَكَرَ لَهُ مَا كَانَ مِنْ أَمْرِهِ فَقَالَ لَهُ " بَارَكَ اللَّهُ لَكَ فِي صَفْقَةِ يَمِينِكَ " . فَكَانَ يَخْرُجُ بَعْدَ ذَلِكَ إِلَى كُنَاسَةِ الكُوفَةِ فَيَرْبِحُ الرِّبْحَ العَظِيمَ فَكَانَ مِنْ أَكْثَرِ أَهْلِ الكُوفَةِ مَالًا .

বাংলা

১২৫৮। উরওয়া আল-বারিকী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তার নিজের জন্য একটি ছাগল কেনার উদ্দেশ্যে একটি দীনার প্রদান করলেন। আমি তার জন্য দুটি ছাগল, কিনলাম। আমি এর মধ্য হতে একটিকে এক দীনারের বিনিময়ে বিক্রয় করে দিলাম। তারপর আমি একটি ছাগল ও একটি দীনারসহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এলাম। (অধঃস্তন বর্ণনাকারী বলেন) তিনি তাকে পুরো ঘটনা বর্ণনা করে শুনালেন। তিনি বললেনঃ আল্লাহ তোমার ডান হাতের ব্যবসায়ে বারকাত দান করুন। তিনি কূফার অদূরে কুনাসা নামক জায়গায় চলে যান এবং ব্যবসায়ে অনেক মুনাফা অর্জন করেন। ফলে তিনি কূফার সম্পদশালী লোকে পরিণত হন।

সহীহ, বেচা-কেনার হাদীস

উপরোক্ত হাদীসের মত আবু লাবীদেদের সূত্রেও বর্ণিত আছে। এ হাদীস অনুযায়ী একদল আলিম মত দিয়েছেন। একই কথা বলেছেন ইমাম আহমাদ ও ইসহাকও। এ হাদীস অনুযায়ী অন্য একদল আলিম মত গ্রহণ করেননি। তাদের মধ্যে ইমাম শাফিঈ অন্যতম। সাঈদ ইবনু যাইদ হাম্মাদ ইবনু যাইদের ভাই, আবু লাবীদেদের নাম লিমাযাহ

পিতার নাম যাব্বার।

English

Narrated 'Urwah Al-Bariqi:

"The Messenger of Allah (ﷺ) gave me on Dinar to purchase a sheep for him. So I purchased two sheeps for him, and I sold one of them for a Dinar. So I returned with the sheep and the Dinar to the Prophet (ﷺ), and I mentioned what had happened and he said: 'May Allah bless you in your business dealings.' After that we went to Kunasah in Al-Kufah, and he made tremendous profits. He was among the wealthiest of the people in Al-Kufah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ উরওয়াহ বারিকী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=40100>

📄 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন